দৈনিক
ইত্তেফাক

তারিখ 08 DEC 2015
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবির গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদভুক্ত গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে। ঐদিন সকাল ১০টা থেকে রাজধানীর আজিমপুরে গার্হস্থ্য অর্থনীতি কলেজ এবং কাকরাইলের উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিস প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, পরীক্ষার্থীদের যথাসময়ের মধ্যে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার জন্য জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক অনুরোধ করেছেন। পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয় ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।